ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট নং-২৩-২৬, রোড- ৪৬, গুলশান-২, ঢাকা।
www.dncc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬ ১০ ০০০০ ০৬৪ ১৪ ০৬২ ২৯ - ০১৫ | তারিখঃ ১৫/০৬/২০২১

**একই স্মারকে প্রতিস্থাপিত**

**বিষয়ঃ ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ১৭ই মার্চ হতে ২৬ মার্চ পর্যন্ত দশদিন ধারাবাহিকভাবে অনুষ্ঠানমালা আয়োজন সম্পর্কিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০১.০২.২০ (অংশ-১)-৫৩ তারিখঃ ১১/০৩/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ১৭ই মার্চ হতে ২৬ মার্চ পর্যন্ত দশদিন ধারাবাহিকভাবে অনুষ্ঠানমালা আয়োজন সম্পর্কিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

(খন্দকার মাহবুব আলম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল সার্কেল) ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী
উদ্‌যাপন কমিটি
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
ফোনঃ ০২২২২২৬৪৭৭১

আইসিটি সেল
তারিখঃ ১৬/০৬/২১
প্রাপ্তি নং...

**কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১। প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭। মহাব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৯। প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১০। প্রধান রাজস্ব কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১১। প্রধান ভান্ডার ও ক্রয় কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১২। প্রধান সমাজ কল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-.........., ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৪। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
১৫। সিষ্টেম এনালিষ্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ**

১। মেয়র মহোদয়ের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২। প্রধান নির্বাহী কর্মকর্তার ষ্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**বিষয়ঃ ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস এবং ১৭ই মার্চ হতে ২৬ মার্চ পর্যন্ত দশদিন ধারাবাহিকভাবে অনুষ্ঠানমালা আয়োজন সম্পর্কিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি/সঞ্চালনায় : জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
তারিখ : ১০ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ, বুধবার
সময় : বিকাল ০৫:০০ টা
স্থান : ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম।

**সভার আলোচনাঃ**

সভার শুরুতে সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ সভায় সংযুক্ত স্থানীয় সরকার বিভাগের সকল কর্মকর্তা ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শততম জন্মদিন এবং জাতীয় শিশু দিবস উদযাপন সম্পর্কিত লীড মন্ত্রণালয় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক আগামী ১৭ই মার্চ হতে ২৬ মার্চ পর্যন্ত দশদিন ধারাবাহিকভাবে অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জাতীয় শিশুদিবস উদ্‌যাপন ও দশদিন ধারাবাহিকভাবে অনুষ্ঠান আয়োজনের লক্ষ্যে আজকের প্রস্তুতি সভার আয়োজন করা হয়েছে।

০২। তিনি আরো বলেন যে, জাতীয় শিশু দিবস-২০২১ আয়োজন উপলক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সুপারিশসমূহ স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানসমুহের নিজস্ব কর্মসূচি সমন্বয়পূর্বক অনুষ্ঠান আয়োজন করা প্রয়োজন। সভার আলোচ্যসূচি অনুসারে বিস্তারিত বিষয়াদি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগকে অনুরোধ করা হয়। তৎপরিপ্রেক্ষিতে অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ সভার আলোচ্যসূচি অনুসারে সভার সঞ্চালনা করেন। সভায় উপস্থাপিত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

০৩। সিদ্ধান্তসমূহ

| ক্রম. | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠান |
|---|---|---|
| ০১. | সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে ১৭ই মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান। |
| ০২. | কোভিড পরিস্থিতিতে ১৭ই মার্চ ২০২১ তারিখ সকাল ১০:০০ টায় মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নেতৃত্বে স্থানীয় | স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা |

| | | |
|---|---|---|
| | সরকার বিভাগ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করবে। পাশাপাশি এলজিইডি, সকল সিটি কর্পোরেশন, ওয়াসাসমূহ এবং অন্যান্য দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান তাদের সুবিধামত স্থানে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করবে। | এবং প্রতিষ্ঠান |
| ০৩. | মুজিববর্ষ উদ্‌যাপনের সাথে সামঞ্জস্যপূর্ণ ব্যানার, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সজ্জিতকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিটি কর্পোরেশন, জেলা পরিষদ উপজেলা পরিষদ ও পৌরসভা |
| ০৪. | বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে সৌন্দর্যবর্ধন, সাজসজ্জা, আলোকসজ্জার ব্যবস্থা ও পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা। | সিটি কর্পোরেশন, জেলা পরিষদ উপজেলা পরিষদ ও পৌরসভা |
| ০৫. | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে স্মরণিকা, গ্রন্থ, দেয়াল পত্রিকা ইত্যাদি প্রকাশ করার ক্ষেত্রে উৎসাহ ও সহায়তা প্রদান। | সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ০৬. | যে সকল জায়গায় বঙ্গবন্ধুর স্মৃতি বিজড়িত স্থান আছে সে সকল স্থানে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে জেলা পরিষদ অনুষ্ঠান আয়োজন করবে। | সংশ্লিষ্ট জেলা পরিষদ |
| ০৭. | বিভিন্ন স্থানে স্থাপনকৃত বড় আকাড়ের এলইডি স্ক্রিনে স্বাধীনতা ও বঙ্গবন্ধুর উপরে স্বল্পদৈর্ঘ্য চলচিত্র, তথ্যচিত্র প্রদর্শন। মুজিববর্ষ উদযাপন সম্পর্কিত ওয়েবসাইট http://www.mujib100.gov.bd-তে যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে, সেগুলো যেকোন প্রতিষ্ঠান/সংস্থা কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়া তাদের অনুষ্ঠানে ব্যবহার করতে পারবে। | সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহ |
| ০৮. | ১৭ই মার্চ ২০২১ তারিখ আতশবাজির আয়োজন। | সিটি কর্পোরেশনসমূহ |
| ০৯. | মন্ত্রণালয়, বিভাগ, সংস্থা, বিভিন্ন সরকারি দপ্তর ও প্রতিষ্ঠান কর্তৃক মহান স্বাধীনতার মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবি, উদ্‌বৃতি, জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত নান্দনিক ড্রপডাউন ব্যানার ভবনের সাথে সামঞ্জস্যপূর্ণ মাপ অনুযায়ী ব্যবহার। উল্লেখ্য, স্ব স্ব দপ্তর ব্যানারের নিচে প্রতিষ্ঠানের নাম ও লোগো ব্যবহার করতে পারবে। | স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ |
| ১০. | ওয়েবসাইটে (http://www.mujib100.gov.bd) জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে পোস্টারের টেমপ্লেট দেয়া থাকবে। প্রয়োজনে কোন সংস্থা বা প্রতিষ্ঠান উক্ত পোস্টার মুদ্রণ করে অথবা ড্রপডাউন ব্যানার হিসেবে প্রস্তুতপূর্বক ব্যবহার করতে পারবে এবং সেক্ষেত্রে পোস্টারের নিচে সৌজন্য হিসাবে সংশ্লিষ্ট সংস্থা বা প্রতিষ্ঠানের নাম ব্যবহার করা যাবে। | এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান। |
| ১১. | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে বিভিন্ন দপ্তর, সংস্থা, সামাজিক ও রাজনৈতিক সংগঠন নিজস্ব ডিজাইনে পোস্টার তৈরী করতে পারে তবে পোস্টার, ব্যানার বা ফেস্টুনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ব্যতীত অন্য কোন ব্যক্তির ছবি ব্যবহার করা বাঞ্ছনীয় নয়। | এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান। |
| ১২. | ওয়েবসাইটে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত যেসব ভিডিও ক্লিপিংস/ফুটেজ রয়েছে সেগুলো যে কোন প্রতিষ্ঠান/সংস্থা কোনরূপ সংযোজন-বিয়োজন ছাড়া তাদের অনুষ্ঠানে ব্যবহার করতে পারবে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান। |
| ১৩. | জন্মশতবার্ষিকীর কর্মসূচি বাস্তবায়ন কাজে বিভিন্ন সরকারি/বেসরকারি দপ্তর/সংস্থা, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, সকল | সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান। |

| | | |
|---|---|---|
| | স্তরের শিক্ষা প্রতিষ্ঠান এবং রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও ধর্মীয় সংগঠন, ক্রীড়া সংস্থা, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়া, ব্যবসায়ী সংগঠন ও উদ্যোক্তাসহ সকলের অংশগ্রহণ নিশ্চিতকরণ। | |
| ১৪. | জন্মশতবার্ষিকীর বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নকালে জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে তৈরীকৃত থিম সংগীত এর ব্যবহার। | এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান। |
| ১৫. | জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্থানীয়ভাবে আয়োজিত বিশেষভাবে উল্লেখযোগ্য কর্মসূচির ভিডিও/তথ্যচিত্র কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ ও প্রচারের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির কার্যালয়ে প্রেরণ। | সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান। |
| ১৬. | সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান কর্তৃক বিশেষ করে জেলা পরিষদ, উপজেলা পরিষদ, সিটি কর্পোরেশন, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক আগামী ১৭ই মার্চ হতে ২৬ মার্চ পর্যন্ত ১০ দিন নিরবচ্ছিন্নভাবে বিশেষ পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পরিচালিত স্বাভাবিক পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের বাইরে এই পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। এক্ষেত্রে সভায় সংযুক্ত পরিচালক, স্থানীয় সরকার মহোদয়গণ তার আওতাধীন জেলা, উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন ও ইউনিয়ন পরিষদসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের কার্যক্রম গ্রহণ করতে পারেন। বিশেষ করে যে সকল স্থানে সদ্য নির্বাচন অনুষ্ঠিত হয়েছে সে সকল স্থানে সর্বাধিক গুরুত্ব আরোপ করতে হবে। | সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান। |
| ১৭. | রাস্তার পাশের ব্যানার/ফেস্টুনে ব্যক্তিগত ছবি ব্যবহার বন্ধপূর্বক জাতির পিতা ও মাননীয় প্রধানমন্ত্রীর ছবি ব্যবহার করা। | স্থানীয় সরকার প্রতিষ্ঠান |
| ১৮. | কেন্দ্রীয়ভাবে সকল দপ্তর/সংস্থা নিয়ে আলোচনা সভা আয়োজন করা হবে। এছাড়া, প্রত্যেক দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান তাদের নিজ নিজ কর্মসূচির আওতায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে পারে। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ |
| ১৯. | দেশব্যাপী আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান কর্তৃক তাদের নিজ নিজ দপ্তরে/এলাকায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করতে পারে। | এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান। |
| ২০. | বঙ্গবন্ধুর জীবনী ও মহান মুক্তিযুদ্ধের পুস্তক ও ডকুমেন্টারী প্রদর্শন এবং বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার। | সকল দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান। |
| ২১. | দাওয়াত কার্ড, পোস্টার ও স্যুভেনির প্রকাশ। | দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান |
| ২২. | প্রয়োজনে প্রতিটি দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান সার্বিক সমন্বয় কমিটিসহ বিভিন্ন উপকমিটি গঠন করতে পারে। | দপ্তর/সংস্থা ও প্রতিষ্ঠান |
| ২৩. | অন্যান্য দপ্তর/সংস্থা কর্তৃক অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে প্রয়োজনে পানি সরবরাহ ও স্যানিটেশন সেবা প্রদান। | ডিপিএইচই ও ওয়াসাসমূহ |
| ২৪. | আগামী ১৫ই মার্চ চূড়ান্ত প্রস্তুতি সভা আয়োজন করা হবে। | স্থানীয় সরকার বিভাগ |

০৪. সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্তের বিষয়সমূহ বাস্তবায়নের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সকল দপ্তর, সংস্থা ও প্রতিষ্ঠানের প্রধানগণের মতামত চাওয়া হয়। সকলে তাদের মতামত ও অনুষ্ঠান আয়োজনের পরিকল্পনা সভায় উপস্থাপন করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সুপারিশ এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত অনুসারে সকল অনুষ্ঠান আয়োজনের প্রস্তুতি রয়েছে মর্মে সকল সংস্থা প্রধান সভাকে অবহিত করেন। এছাড়া, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নতুন কোন কার্যক্রম/কর্মসূচি গ্রহণ করা হলে তা প্রতিপালনের জন্য সকলে একমত পোষণ করেন।

০৫. পরিশেষে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী, জাতির পিতার শততম জন্মদিন উদযাপন এবং মুজিববর্ষ উদ্‌যাপন উলক্ষ্যে দশদিন ধারাবাহিক অনুষ্ঠানমালা আড়ম্বরপূর্ণ, আনন্দমুখর এবং বর্ণিল করার মাধ্যমে জাতির পিতার রক্তঋণ কিছুটা হলেও শোধ করার সুযোগ কাজে লাগানোর আহবান জানিয়ে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/৩/২০২১

হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০১.০২.২০(অংশ-১)-৫৩

তারিখঃ ২৮ ফাল্গুন ১৪২৭
১১ মার্চ ২০২১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
২। অতিরিক্ত সচিব (সকল)/মহা-পরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ।
৩। পরিচালক স্থানীয় সরকার (সকল), . . . . . . . . . . . . . . বিভাগ।
৪। যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৫। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৬। সিনিয়র সহকারি সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা: প্রয়োজনীয় প্রস্তুতিসহ বৈঠকে সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২. রেজিস্ট্রার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, পরিবহন পুল ভবন, ঢাকা।
০৩. মহাপরিচালক, এনআইএলজি, আগারগাঁও, ঢাকা।
০৪. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
০৬. ব্যবস্থাপনা পরিচালক, ওয়াসা (সকল)।
০৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, মশক নিবারণী দপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

১১.০৩.২০২১

মোহাম্মদ শামছুল ইসলাম
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৪১৫